গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ অ্যান্ড এমআইএস উইং
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

নং-৫২.০১.০০০০.১০১.৪৫.৯৩৭.১৬ (অংশ-৩)-২২৪৬

তারিখঃ ০১লা ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ
১৪ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ

অপর পৃষ্ঠায় বর্ণিত পত্রের মর্ম মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ ০২ (দুই) পাতা।

১৪.০২.২০২২
মোঃ এমদাদুল হক
পরিচালক
ফোন: ৫৫০০৭০৬৮
ই-মেইল: emdad1972@yahoo.com

বিতরণঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

(০১) পরিচালক (সকল) ........................................................................বিবিএস, ঢাকা।
(০২) প্রকল্প পরিচালক (সকল) ........................................................................ বিবিএস, ঢাকা।
(০৩) যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, (সকল) ..............................(অধীন জেলা/উপজেলা পরিসংখ্যান কার্যালয়সমূহ-কে অবহিত করার অনুরোধসহ)।
(০৪) ষ্টাফ অফিসার, মহাপরিচালক এর দপ্তর, বিবিএস, ঢাকা।
(০৫) ষ্টাফ অফিসার, উপমহাপরিচালক এর দপ্তর, বিবিএস, ঢাকা।
(০৬) অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রশাসন -২ শাখা
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০০৬.২৩.২৪২(অংশ-২).১৯- ৫৭৪

তারিখ: ২৮ মাঘ ১৪২৮ / ১০ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: ২৭ ফেব্রুয়ারি “জাতীয় পরিসংখ্যান দিবস-২০২২” পালনের নিমিত্ত রূপরেখা ও কর্মপরিকল্পনা অনুমোদন এবং কমিটি গঠনের বিষয়ে আলোচনার জন্য অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।

২৭ ফেব্রুয়ারি “জাতীয় পরিসংখ্যান দিবস-২০২২” পালনের নিমিত্ত রূপরেখা ও কর্মপরিকল্পনা অনুমোদন এবং কমিটি গঠনের বিষয়ে আলোচনার জন্য গত ০১ ফেব্রুয়ারি ২০২২ তারিখ অনুষ্ঠিত হয়।

০২। সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে।

মো: ফরিদ হোসেন
সিনিয়র সহকারী সচিব
☎ ৫৫০০৭৩৮৩
admin2@sid.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
২। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
৩। যুগ্মসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৪। উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৫। পরিচালক (সকল),বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
৬। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৭। সিনিয়র সহকারী সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৮। সিস্টেম এনালিস্ট, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৯। মো: গোলাম মোস্তফা, যুগ্মপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
১০। জনাব মো: আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
১১। উপপরিচালক , এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১২। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১৩। সহকারী সচিব (সকল),পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১৪। অফিস কপি।

মহাপরিচালকের কার্যালয়, বিবিএস

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রশাসন -২ শাখা
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০০৬.২৩.২৪২.১৯- ৫৭৪

তারিখ: ২৮ মাঘ ১৪২৮
১০ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: ২৭ ফেব্রুয়ারি "জাতীয় পরিসংখ্যান দিবস-২০২২" পালনের নিমিত্ত রূপরেখা ও কর্মপরিকল্পনা অনুমোদন এবং কমিটি গঠনের বিষয়ে আলোচনার জন্য অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

২৭ ফেব্রুয়ারি "জাতীয় পরিসংখ্যান দিবস-২০২২" পালনের নিমিত্ত রূপরেখা ও কর্মপরিকল্পনা অনুমোদন এবং কমিটি গঠনের বিষয়ে নিম্নবর্ণিত সময় অনুযায়ী সভা অনুষ্ঠিত হয়:

| | | | |
|---|---|---|---|
| ১.০ | সভার তারিখ | : | ০১ ফেব্রুয়ারি ২০২২, রোজ: মঙ্গলবার |
| ১.১ | সভার সময় | : | বিকাল ৩.০০ ঘটিকা। |
| ১.২ | সভার স্থান | : | সম্মেলন কক্ষ, ব্লক-২,পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। |
| ১.৩ | সভাপতি | : | সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। |
| ১.৪ | আলোচ্য বিষয় | : | (ক) "জাতীয় পরিসংখ্যান দিবস-২০২২" পালনের রূপরেখা ও কর্মপরিকল্পনা অনুমোদন;<br>(খ) কমিটি গঠন;<br>(গ) বিবিধ। |

০২। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-ক এ সংযুক্ত।

০৩। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী, প্রশাসন-২ সভাকে জানান যে, ৮ জুন ২০২০ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে প্রতি বৎসর ২৭ ফেব্রুয়ারি তারিখকে "জাতীয় পরিসংখ্যান দিবস" হিসেবে পালনের ঘোষণা দেয়া হয় এবং দিবসটি "খ" শ্রেণিতে অন্তর্ভুক্ত করা হয়। তিনি অত:পর সভাকে অবহিত করার জন্য বিগত ১৯/০১/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহ পাঠ করেন।

০৪। মহাপরিচালক, বিবিএস সভাকে অবগত করেন যে, "জাতীয় পরিসংখ্যান দিবস-২০২২" উদযাপন ও বাস্তবায়নের লক্ষ্যে ১৩ জানুয়ারি ২০২২ তারিখে ৭ টি সাব কমিটি গঠন করা হয়েছে। কমিটি সমূহকে যথাযথভাবে দায়িত্ব পালনের জন্য দিক নির্দেশনা প্রদান করা হয়েছে। তারা ইতোমধ্যে দিবসটি পালনে প্রয়োজনীয় কার্যক্রম শুরু করেছে। দিবসের প্রতিপাদ্য নির্ধারণে বিবিএস এর উপপরিচালক জনাব মো: আলমগীর হোসেন-এর নেতৃত্বে একটি কমিটি কাজ করছে। তারা ফেব্রুয়ারি/২০২২ মাসের ১ম সপ্তাহের মধ্যে প্রতিপাদ্য চূড়ান্ত করবে। এছাড়া দিবসটি যথাযথভাবে উদযাপনের জন্য স্মরণিকা ও ক্রোড়পত্র প্রকাশ করা যেতে পারে।

০৫। সভাপতি এ পর্যায়ে সভাকে অবহিত করেন যে, "খ" শ্রেণির দিবস পালনে মন্ত্রিপরিষদ বিভাগ হতে যেরূপ নির্দেশনা রয়েছে, তা যথাযথভাবে অনুসরণ করা হবে। কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় সার্বিকভাবে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক দিবসটি পালনে সচেষ্ট হতে হবে। এছাড়া, বিবিএস এর পরিচালক এবং এ বিভাগের অতিরিক্ত সচিব, যুগ্মসচিব ও উপসচিবগণ সভায় আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচনা শেষে সভায় সর্বসম্মতভাবে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান পাতা-০২

**সিদ্ধান্ত:**

| ক্রম: | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৫.১ | আয়োজনের পর্যায় | কেন্দ্রীয়ভাবে সদর দপ্তরে ঢাকা বিভাগীয় পরিসংখ্যান অফিস, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ যৌথভাবে দিবসটি পালন করবে। একই সাথে বিভাগীয় পর্যায়, জেলা পর্যায়ে দিবসটি পালন করতে হবে। যেসকল বিভাগীয় ও জেলা অফিস একই শহরে অবস্থিত, সে ক্ষেত্রে সমন্বয় করে একটি কর্মসূচি প্রণয়নপূর্বক জেলা সদরে দিবসটি পালন করতে হবে। | মহাপরিচালক বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো/জেলা কর্মকর্তা |
| ৫.২ | **অনুষ্ঠান সূচি:** | | |
| | ১ | আলোচনা সভা-<br>Key Note Paper উপস্থাপনা-সংশ্লিষ্ট কমিটি<br>প্রধান অতিথি-মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়<br>বিশেষ অতিথি-মাননীয় প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়<br>সভাপতি-সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | জাতীয় পরিসংখ্যান দিবস-২০২২ পালনের জন্য গঠিত কেন্দ্রীয় কমিটি |
| | ২ | স্মরনিকা প্রকাশ | |
| | ৩ | টেলিভিশনের নিউজ স্ক্রলে দিবস উদযাপন বিষয় সম্প্রচার | |
| | ৪ | দিবসের প্রতিপাদ্য বিষয়ে মোবাইলে ক্ষুদে বার্তা প্রেরণ | |
| | ৫ | দিবস উপলক্ষ্যে পরিসংখ্যান ভবনে ২/৩টি বইয়ের স্টল স্থাপন | |
| | ৬ | সচিব ও মহাপরিচালক কর্তৃক শুভেচ্ছা কার্ড বিতরণ | |
| | ৭ | পরিসংখ্যান ভবনে আলোকসজ্জাকরণ | |
| | ৮ | ওয়েবসাইটে পরিসংখ্যান দিবস কর্নার খোলা | |
| ৫.৩ | প্রতিপাদ্য/ শ্লোগান নির্ধারণ | জাতীয় পরিসংখ্যান দিবসের প্রতিপাদ্য/শ্লোগান চূড়ান্ত হলে দিবসের প্রতিপাদ্য বিষয়সহ পোষ্টার তৈরি করে যথেষ্ট আগে বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে প্রেরণ করতে হবে। কমিটির মাধ্যমে অতিসত্ত্বর চূড়ান্ত প্রতিপাদ্য নির্বাচন করতে হবে। | জাতীয় পরিসংখ্যান দিবস-২০২২ পালনের প্রচার সংক্রান্ত উপকমিটি |
| ৫.৪ | কেন্দ্রীয়ভাবে এবং বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে পরিসংখ্যান দিবস পালন ও সভার স্থান নির্ধারণ | কেন্দ্রীয়ভাবে আমন্ত্রিত অতিথিবৃন্দসহ, অধিদপ্তরের বিভিন্ন অংশীজন, জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সদর দপ্তর, বিভাগীয় কার্যালয় ও জেলা পরিসংখ্যান কার্যালয়, ঢাকায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে স্বল্প পরিসরে স্বাস্থ্যবিধি মেনে ঢাকায় ২৭ ফেব্রুয়ারি, ২০২২ জাতীয় পরিসংখ্যান দিবসের উদ্বোধনী অনুষ্ঠান উদযাপিত হবে।<br>মাঠ পর্যায়ে জাতীয় পরিসংখ্যান দিবস উদযাপনের সার্বিক সহযোগিতা প্রদান এবং সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক-কে সচিব মহোদয়ের স্বাক্ষরে উপআনুষ্ঠানিক পত্র (D.O Letter) প্রেরণ করতে হবে। | জাতীয় পরিসংখ্যান দিবস-২০২২ পালনের জন্য গঠিত উপ-কমিটি<br>এবং<br>মহাপরিচালক বিবিএস |

চলমান পাতা-০৩

| ক্রম: | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | | মূল অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান বিভাগের আগ্রহী শিক্ষকগণকে অনুরোধ জানিয়ে আমন্ত্রণপত্র প্রেরণ করতে হবে। | |
| ৫.৫ | জাতীয় পরিসংখ্যান দিবস ২০২১ উদযাপন সংক্রান্ত কমিটি | দিবসটি পালনে সার্বিক সমন্বয়ক ব্যবস্থাপনার জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বিবিএস-এর কর্মকর্তাদের সমন্বয়ে ১৮ (আঠারো) সদস্য বিশিষ্ট একটি কেন্দ্রীয় উদযাপন কমিটি গঠন করা হলো **(পরিশিষ্ট-ক)**। উক্ত কমিটি মূল দিবস উদযাপন কমিটি হিসেবে কার্যক্রম পরিচালনা করবে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মহাপরিচালক বিভিন্ন উপ-কমিটি গঠন করে "পরিসংখ্যান দিবস-২০২২" যথাযথভাবে উদযাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। |
| ৫.৬ | করোনা পরিস্থিতিতে করণীয় | করোনা পরিস্থিতির কারণে ব্যাপকভাবে দিবসটি উদযাপন করা সম্ভব নয় বিধায় স্বল্প পরিসরে স্বাস্থ্য বিধি অনুসরণ পূর্বক দিবসটি পালন করতে হবে এবং 'কোভিড-১৯' পরিস্থিতি বিবেচনায় পরবর্তীতে প্রয়োজনানুসারে কর্মসূচির পরিবর্তন করা যেতে পারে। | কেন্দ্রীয় বাস্তবায়ন সংক্রান্ত কমিটি |

০৬। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

২০.০২.০২২

ডা. শাহনাজ আরেফিন এনডিসি
সচিব